আমার সংবাদ

# উত্তরা ইউনিভার্সিটি মিলনায়তনে বিএনডিপি'র আয়োজন

নিজস্ব প্রতিনিধি:
মে ৭, ২০২৪, ০৪:৫৩ পিএম




বাংলাদেশ ন্যাশনাল ডিবেট প্ল্যাটফর্ম (বিএনডিপি) ২৭ ই এপ্রিল শনিবার আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষ্যে ঢাকায় অবস্থিত দেশের অন্যতম সেরা বেসরকারি বিশ্ববিদ্যালয় "উত্তরা ইউনিভার্সিটি" মিলনায়তনে আয়োজন করে বিএনডিপি মে দিবস ডিবেটার হান্ট ২০২৪ পাওয়ার্ড বাই ডেলটা ফোর্স। যেখানে সারাদেশের ৫০ টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে প্রায় ৩০০ উদীয়মান বিতার্কিক অংশগ্রহণ করে।

গত ৫ ও ৬ই মে উত্তরা ইউনিভার্সিটি মিলনায়তনে আয়োজন করে বিএনডিপি মে দিবস নোভিস ন্যাশনাল বিতর্ক প্রতিযোগিতা যেখানে সারাদেশে থেকে ৪৮ টি বিতর্ক দল অংশগ্রহণ করে। দুইদিনের এই আয়োজন আলোকিত করতে আয়োজনের সাথে দেশ সেরা সব প্রতিষ্ঠানের বিতার্কিক, বিচারক, সংগঠক, শিক্ষকসহ অনেকে ছিলেন।

৫ মে দিন ব্যাপী প্রাথমিক পর্বগুলোর বিতর্ক শেষ হওয়ার পরে। ৬ এপ্রিল উক্ত আয়োজনের সেমি ফাইনাল পর্বের বিতর্ক ও গ্র্যান্ড ফাইনাল অনুষ্ঠিত হয়। যেখানে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে ডিবেট ক্লাব অব নওগাঁর বিতর্ক দল ডিসিএন-বিক্রমবিহার ` ও রানার আপ হয় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় স্কুল অব ডিবেটের বিতর্ক দল `সিইউএসডি-বুদ্ধিজীবী চত্বর। এছাড়াও ফাইনালের শ্রেষ্ঠ বক্তা হন তানজিম বিন বারী এবং পুরো প্রতিযোগিতার সেরা বিতার্কিক নির্বাচিত হন তাহসিনা রহমান এবং সম্পূর্ণ প্রতিযোগিতার প্রধান বিচারকের দায়িত্ব পালন করেন জেইউডিও এর সাবেক সভাপতি ফয়সাল মাহমুদ শান্ত, লেকচারার, উত্তরা ইউনিভার্সিটি। একইদিন সাধারণ শিক্ষার্থীদের জন্য ছিল জাতীয় মে দিবস কুইজ প্রতিযোগিতা ও ইংরেজি

পাবলিক স্পিকিং প্রতিযোগিতা। অনুষ্ঠান শেষে সকল বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন সম্মানিত অতিথিবৃন্দ।

উক্ত আয়োজনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ভাইস চ্যান্সেলর জনাব প্রফেসর সাদেকা হালিম, পিএইচডি মহোদয়। বিশেষ অতিথি ও প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন উত্তরা ইউনিভার্সিটির সম্মানিত ভাইস চ্যান্সেলর প্রফেসর ড.ইয়াসমিন আরা লেখা। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের সম্মানিত ডিন প্রফেসর ড. এস এম মাসুম বিল্লাহ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রাস্ট্রোবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও জেএনইউডিএস এর মডারেটর ড. নিবেদিতা রায়, ডেলটা ফোর্স লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর ও সিইও জনাব মেজর (অব:) তারেক আবদুল্লাহ ইমাম, বিসিইসআইআর স্কুল এন্ড কলেজের সম্মানিত প্রিন্সিপাল ও জাতীয় শিক্ষক সমিতির সম্মানিত সভাপতি জনাব ড. ইদ্রিস আলী প্রমূখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ ন্যাশনাল ডিবেট প্ল্যাটফর্ম এর সভাপতি মাঈন আল মুবাশ্বির এবং সম্পূর্ণ অনুষ্ঠান পরিচালনা ও সঞ্চালনা করেন বাংলাদেশ ন্যাশনাল ডিবেট প্ল্যাটফর্মের সাধারণ সম্পাদক, আব্দুল আলিম আরিফ।

আয়োজনে অতিথিরা নতুন বিতার্কিকদের সফলতা কামনা করেন। একই সাথে আগামীতে বিএনডিপির যেকোনো আয়োজনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও উত্তরা বিশ্ববিদ্যালয় যৌথভাবে সহযোগিতা করার প্রতিশ্রুতি দান করেন দুই বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর। সাথে সাথে আয়োজনে আগত শিক্ষার্থীরা কেউ উচ্চশিক্ষার জন্য উত্তরা বিশ্ববিদ্যালয়কে বেছে নিলে তাদের জন্য বিশেষ আর্থিক ছাড় দেওয়ার ঘোষণা দেন উত্তরা ইউনিভার্সিটির ভিডি ড.ইয়াসমিন আরা লেখা।

প্রায় দুই সপ্তাহব্যাপী এই আয়োজন ফাইনাল পর্বের বিতর্কের ফলাফল ঘোষণার মাধ্যমে নিয়ে শেষ হয়।

বিআরইউ